ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৬২১
আগরতলা, ৬ নভেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

''বিলোনিয়া সাব-ডিভিশনাল হাসপাতালকে স্টেট জেনারেল হাসপাতালে উন্নীত করার দাবি," এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ৪ নভেম্বর, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদটির পরিপ্রেক্ষিতে, বিলোনিয়া মহকুমা স্বাস্থ্য আধিকারিক কর্তৃক প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, বর্তমানে বিলোনিয়া মহকুমা হাসপাতালে সাব-ডিভিশনাল মেডিক্যাল অফিসার সহ মোট ১৫ জন মেডিক্যাল অফিসার কর্মরত আছেন। এর মধ্যে সাব-ডিভিশনাল মেডিক্যাল অফিসার বিশেষজ্ঞ চিকিৎসক ৭ জন, ব্লাড ব্যাংক মেডিক্যাল অফিসার ১ জন, দন্ত চিকিৎসক ২ জন, আয়ুষ মেডিক্যাল অফিসার ২ জন ও আরবিএসকে মেডিক্যাল অফিসার ২ জন। তাছাড়া, হাসপাতালে ২৪ জন নার্সিং অফিসার কর্মরত আছেন।দক্ষিণ ত্রিপুরা জেলার অন্যান্য হাসপাতালের তুলনায় বিলোনিয়া মহকুমা হাসপাতালে রোগীর চাপ উল্লেখযোগ্য ভাবে বেশি হলেও, হাসপাতালটি নিয়মিতভাবে জনগণকে চিকিৎসা পরিষেবা প্রদান করে যাচ্ছে।মহকুমা স্বাস্থ্য আধিকারিক আরও জানিয়েছেন যে, বিলোনিয়া মহকুমা হাসপাতাল একটি প্রাচীন ও ঐতিহ্যবাহী স্বাস্থ্য প্রতিষ্ঠান, যা দীর্ঘদিন ধরে স্থানীয় জনগণের সেবা দিয়ে আসছে।বর্তমানে এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালের রোগীর চাপ কমানোর জন্য দক্ষিণ ত্রিপুরা জেলায় একটি স্টেট জেনারেল হাসপাতাল প্রতিষ্ঠা অত্যাবশ্যক। এই পরিপ্রেক্ষিতে, দক্ষিণ ত্রিপুরা জেলার জনগণের দীর্ঘদিনের চাহিদা অনুযায়ী বিলোনিয়া মহকুমা হাসপাতালকে স্টেট জেনারেল হাসপাতালে উন্নীত করার দাবি জানানো হয়েছে।

*****